# শোক বাণী

## মাহবুব আলী জাকি-এর মৃত্যুতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপদেষ্টার শোক

ঢাকা, ২৭ ডিসেম্বর ২০২৫:

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের গেম ডেভেলপমেন্ট বিভাগের স্পেশালিস্ট পেস বোলিং কোচ এবং বাংলাদেশ প্রিমিয়ার লিগ (বিপিএল) টি-টোয়েন্টিতে ঢাকা ক্যাপিটালস দলের সহকারী কোচ মাহবুব আলী জাকি এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. আসিফ নজরুল।

মাহবুব আলী জাকি সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে অনুশীলন করানো অবস্থায় অসুস্থ হয়ে পড়েন। তাৎক্ষণিকভাবে হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৯ বছর। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপদেষ্টা বাংলাদেশের ক্রিকেটের বিশেষ করে যুব ক্রিকেটের উন্নয়নে তাঁর অবদানের কথা গভীর কৃতজ্ঞতার সাথে স্মরণ করেন।

শোক বার্তায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপদেষ্টা মরহুমের আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

27/12/2025

এ কে এম গোলাম মোর্শেদ খান
সিনিয়র সহকারী সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা